GEORGE TELEGRAPH
SINCE 1920
www.georgetelegraph.com

# জর্জ বুলেটিন

সংখ্যা ঃ ৩ • ১২ অক্টোবর ২০২৪

## ছবি কথা বলে! জর্জ অ্যানিমেট্রিক্সের মা দুর্গার ছবি সকলের নজর কেড়েছে



ছবি সবসময় আগামী দিনের রূপরেখা নির্দেশ করে। শিল্পীদের জগৎ আলাদা। তাঁদের মননে নানা ভাবনার আঁকিবুঁকি। তাঁদের কল্পনার স্তর সাধারণের ভাবনার বাইরে।

জর্জ টেলিগ্রাফের জর্জ অ্যানিমেট্রিক্স স্কুল অফ অ্যানিমেশন তাদের দিন চারেকের ছবি প্রদর্শনীতে অনেক বিষয় তুলে ধরেছে। পুজোর মধ্যে শারদ বরণ তাদের ভাবনার সিংহভাগ জুড়ে ছিল। পাশাপাশি হ্যান্ডক্রাফ্ট আর্টে তুলে ধরা হয়েছে প্রকৃতি থেকে কীভাবে পাখি হারিয়ে যেতে বসেছে। আগে তাও বাংলার খাল-বিল-নদীতে দেখা যেত পরিযায়ী পাখির ঢল, কিন্তু মোবাইল টাওয়ার ও নানা বৈদ্যুতিন তরঙ্গে পাখিদের হাল খুবই বিপন্ন। শিল্পীদের চোখে ধরা পড়েছে সেই বেহাল সামাজিক বৈষম্য।



জর্জ টেলিগ্রাফ ইনস্টিটিউটের মধ্যেই এই চিত্র প্রদর্শনী সকল ছাত্রছাত্রী, স্যার ও সংস্থার আধিকারিকদের মন জয় করে নিয়েছে। এই শারদ বরণ অনুষ্ঠানের উদ্বোধন করেন দি জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউটের অধ্যক্ষ শ্রী গোরা দত্ত মহাশয় ও ডিরেক্টর অপারেশন অনিন্দ্য দত্ত মহাশয়। সংস্থার ছাত্রছাত্রীরাই এই শিল্পকলার কারিগর। প্রদর্শনীতে শারদবরণ থিমকে সামনে রেখে একচালার মধ্যে মা দুর্গা ঠাকুরের যে ছবি আঁকা হয়েছে, সেটি সকলের নজর কেড়েছে। পাশাপাশি গ্রাফিক্সকে কাজে লাগিয়ে যে সব ছবির সম্ভার ছিল, তাতে সংস্থার ছাত্রছাত্রীদের গৌরব আরও বাড়িয়েছে।

২০১৮ সাল থেকে এই প্রদর্শনী শুরু হয়েছে। এবার মোট ৭৪ টি ছবি মনোনীত হয়েছিল। তার মধ্যে থেকে তিনটি বিভাগে তিনজন করে সফল শিল্পীদের সার্টিফিকেট প্রদান করা হয়। এই কোর্সটি নেতাজী সুভাষ ওপেন বিশ্ববিদ্যালয় থেকে স্বীকৃত। মিডিয়া এন্টারটেইনমেন্ট স্কিল কাউন্সিল সম্পূর্ণ সহায়তা করে এই কোর্সের বিষয়ে।



এই কোর্সে ছাত্রছাত্রীদের যথাযথ প্রশিক্ষণ দিয়ে শিল্পসত্ত্বার বিকাশ ঘটিয়েছেন অভিজ্ঞ সৌমিক চট্টোপাধ্যায়, ধ্রুব গুহ, জয়শঙ্কর ভট্টাচার্য এবং সঞ্জীব সরকারের মতো ফ্যাকাল্টিরা।

## স্বাস্থ্য প্রকল্পে জর্জ টেলিগ্রাফ



এবার স্বাস্থ্য প্রকল্পে যুক্ত হল জর্জ টেলিগ্রাফ। তারা নারায়ন হেলথ-এর সঙ্গে হাত মিলিয়ে সিএসআর (CSR) উদ্যোগে বড় সাফল্য পেয়েছে।

সুবিধাবঞ্চিত ছাত্র এবং যারা তাদের উন্নতির লক্ষ্যে NEET পরীক্ষা ক্লিয়ার করার ক্ষেত্রে চ্যালেঞ্জের সম্মুখিন হয়েছেন, এই উদ্ভাবনী প্রকল্প তাঁদের NEET কোচিং প্রদানে সহায়তা করবে।

শহর ও গ্রামীণ ছাত্রছাত্রীদের স্বপ্নপূরণে কাজে আসবে এই বিশেষ প্রশিক্ষণ। অভিজ্ঞদের দিয়ে এই কোচিং করানোর ভাবনা নেওয়া হয়েছে।

বর্তমান সময়ে মূল্যবোধ এবং সেইসঙ্গে অর্থপূর্ণ ভাবে জীবন অতিবাহিত করার ক্ষেত্রে দি জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউটের এই উদ্যোগ সকলের মন জয় করে নিতে সক্ষম।

চিকিৎসা পদ্ধতিকে যারা পেশা হিসেবে নিতে চান, তাঁদের এই কোর্স বিশেষভাবে সহায়তা করবে বলে জানানো হয়েছে জর্জের আধিকারিকদের তরফ থেকে।